

2015

ELECTIVE BENGALI

(বাংলা সাহিত্যের ইতিহাস : আধুনিক যুগ)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রম্'-এর লেখক কে?
- (খ) সাধারণ রঙ্গালয় কোন্ সনে প্রতিষ্ঠিত?
- (গ) 'মেবার পতন' ও 'চন্দ্রগুপ্ত' নাটক দুটির রচয়িতা কে?
- (ঘ) রামমোহন, রাজনারায়ণ বসু, বিহারীলাল ও রবীন্দ্রনাথ
—এঁদের মধ্যে কে নাট্যকাররূপে স্বীকৃত?

(ঙ) রবীন্দ্রনাথের 'শেষের কবিতা'র প্রকাশকাল

(১) ১৮৯৯

(২) ১৯১৩

(৩) ১৯১৭

(৪) ১৯৩০

(শুদ্ধ উত্তরটি লেখো)

(চ) 'বৃহসংহার' কার লেখা ?

(১) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(২) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ছ) বাংলা অক্ষরযুক্ত মুদ্রাযন্ত্র এদেশে স্থাপিত হয়

(১) ১৭৭৮ খ্রিষ্টাব্দে

(২) ২০০১ খ্রিষ্টাব্দে

(৩) ২০০৯ খ্রিষ্টাব্দে

(৪) ২০১৪ খ্রিষ্টাব্দে

(শুদ্ধ উত্তরটি লেখো)

(জ) 'তিতাস একটি নদীর নাম' কার লেখা ?

(১) অদ্বৈত মল্লবর্মন

(২) স্বর্ণকুমারী দেবী

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঝ) 'জনা' ও 'বিশ্বমঙ্গল' নাটক দুটি কার লেখা ?

(এ) 'নৈবেদ্য' (রবীন্দ্রনাথ) কোন্ শ্রেণীর রচনা ?

- (১) প্রহসন
- (২) গীতিনাট্য
- (৩) বড়োগল্প
- (৪) কবিতা সংকলন

(শুদ্ধ উত্তরটি লেখো)

২। অতি সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'বঙ্গদর্শন' পত্রিকার দুজন সম্পাদকের নাম লেখো।
- (খ) 'এষা' কাব্য কী উপলক্ষে রচিত ?
- (গ) সুকুমার রায়ের পিতা ও পুত্রের নাম কী ?
- (ঘ) 'তত্ত্ববোধিনী পত্রিকা' ও 'সবুজপত্র'-এর দুজন সম্পাদকের নাম লেখো।
- (ঙ) 'সীতারাম' উপন্যাস কার লেখা ? এর প্রকাশকাল ১৮৮৬ না ১৯১৯ ?

৩। সংক্ষেপে উত্তর দাও/টীকা লেখো (যে-কোন চারটি) : ৫×৪=২০

- (ক) মধুসূদনের প্রহসন সম্পর্কে তোমার ধারণা কীরূপ ?
- (খ) হিন্দুমেলা
- (গ) 'স্বপ্নপ্রয়াণ'-এর কবি সম্পর্কে কী জান ?

- (ঘ) 'কুলীনকুলসর্বস্ব' কী বিষয় নিয়ে লেখা? কার লেখা?
- (ঙ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে কেন 'যুগসন্ধির কবি' বলা হয়?
- (চ) মীর মশাররফ হোসেন কেন বিখ্যাত?

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) বাংলা গদ্যের ইতিহাসে ফোর্ট উইলিয়ম কলেজের অবদানের বিষয়ে আলোচনা করো।
- (খ) দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির পরিচয় দাও।
- (গ) রবীন্দ্রনাথ ঠাকুরের নিয়মানুগ নাটক সম্পর্কে কী জান, লেখো।
- (ঘ) ঔপন্যাসিক শরৎচন্দ্রের মূল্যায়ন করো।
- (ঙ) যে কোনো দুজনের বিষয়ে টীকা লেখো :
- (১) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
- (২) জসীমউদ্দিন
- (৩) স্বর্ণকুমারী দেবী
- (চ) যে কোনো দুটির বিষয়ে টীকা লেখো :
- (১) শ্রীরামপুর মিশন
- (২) হুতোম প্যাঁচার নকশা
- (৩) কঙ্কাল

★ ★ ★